যুগান্তর

তারিখ ...
পৃষ্ঠা ১২ কলাম ৫

# রাবিতে ব্যাপক উন্নয়ন কর্মকাণ্ড চলছে

**রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি**

উত্তরাঞ্চলের উচ্চ শিক্ষার একমাত্র বিদ্যাপীঠ রাজশাহী বিশ্ববিদ্যালয়ে বর্তমানে প্রায় ১১ কোটি টাকার ব্যাপক নির্মাণ কাজ চলছে। এ সবের মধ্যে রয়েছে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল, চতুর্থ বিজ্ঞান ভবন, ডিনস্ কমপ্লেক্স। গত বছর ১৪ এপ্রিল উপাচার্য অধ্যাপক সাইদুর রহমান খান পৃথক পৃথক অনুষ্ঠানের মাধ্যমে এসব ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এসব নির্মাণ কাজ পুরোদমে এগিয়ে চলেছে। সংশ্লিষ্ট সূত্র অনুসারে, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের নির্মাণ কাজ শেষ হলে ৫০০ ছাত্র আবাসিক সুবিধা পাবে। জরাজীর্ণ টিনসেড মতিহার হলের ৩ লাখ ৬৮ হাজার ২৪৩ বর্গফুট জায়গার মধ্যে ১ লাখ ২২ হাজার ৭০০ বর্গফুট জায়গায় এই হল নির্মিত হচ্ছে। শহীদুল্লা কলা ভবন ও মমতাজ উদ্দিন কলা ভবনের মাঝে নির্মিত হচ্ছে ডিনস্ কমপ্লেক্স। কেন্দ্রীয় লাইব্রেরির উত্তর পাশে নির্মিত হচ্ছে চতুর্থ বিজ্ঞান ভবন। সদ্য চালুকৃত কৃষি অনুষদের জন্য এই ভবন নির্মিত হচ্ছে। কৃষি অনুষদের বর্তমানে ক্লাস হয় তৃতীয় বিজ্ঞান ভবনে।